

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ১. ৬. ১১. সমকামিতা / ৮. ১. ৬. ১২. ব্যভিচার / ৮. ১. ৬. ১৩. পিতার স্ত্রীর সাথে সহবাস / ৮. ১. ৬. ১৪. পুত্রবধুর সাথে সহবাস / ৮. ১. ৬. ১৫. বোন বা সৎবোনকে বিবাহ করা

৮. ১. ৬. ১১. সমকামিতা

"স্ত্রীলোকের সংগে সহবাস করবার মত করে যদি কেউ পুরুষের সংগে সহবাস করে তবে তা দু'জনের পক্ষেই একটা জঘন্য ব্যাপার। তাদের হত্যা করতে হবে।" (লেবীয় ২০/১৩) আমরা পরবর্তী একটা অনুচ্ছেদে দেখব যে, নারীর সাথে নারীর সমকামিতার শাস্তিও মৃত্যুদণ্ড। (রোমীয় ১/২৪-৩২)

৮. ১. ৬. ১২. ব্যভিচার

বাইবেলে যে কোনো প্রকারের ব্যভিচারের শাস্তি মৃত্যুদণ্ড: "যদি কেউ প্রতিবেশীর সংগে অর্থাৎ অন্য কোন লোকের স্ত্রীর সংগে জেনা করে তবে জেনাকারী এবং জেনাকারিণী দু'জনকেই হত্যা করতে হবে।" (লেবীয় ২০/১০)

৮. ১. ৬. ১৩. পিতার স্ত্রীর সাথে সহবাস

"যে তার সৎমায়ের সংগে সহবাস করে সে তার পিতাকে অসম্মান করে। তা করলে তাকে এবং তার সৎমাকে হত্যা করতে হবে।" (লেবীয় ২০/১১)

৮. ১. ৬. ১৪. পুত্রবধুর সাথে সহবাস

''কেউ যদি তার ছেলের স্ত্রীর সংগে সহবাস করে তবে তাদের দু'জনকেই হত্যা করতে হবে।'' (লেবীয় ২০/১২)

৮. ১. ৬. ১৫. বোন বা সৎবোনকে বিবাহ করা

'নিজের বোনকে বা সংবোনকে বিয়ে করে তার সংগে সহবাস করা একটা লজ্জার কাজ- সেই বোন মায়ের দিক থেকেই হোক কিংবা পিতার দিক থেকেই হোক। যারা তা করবে লোকদের চোখের সামনেই তাদের হত্যা করতে হবে।" (লেবীয় ২০/১৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14421

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন